গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৯.২৩.০০১১.২৫.১৩১৫

তারিখ : ২৩ ভাদ্র ১৪৩২ / ০৭ সেপ্টেম্বর ২০২৫

# পরিপত্র

**বিষয়: জুলাই গণঅভ্যুত্থানকালে সংঘটিত হত্যাসহ অপরাপর গুরুতর অপরাধের অভিযোগে দায়েরকৃত মামলাসমূহের মধ্যে চার্জশীট দাখিলকৃত মামলার (আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচারাধীন মামলা ব্যতীত) প্রসিকিউশনের কার্যক্রম সুষ্ঠু ও গতিশীল করার জন্য কমিটি গঠন।**

জুলাই গণঅভ্যুত্থানকালে দেশব্যাপী চলমান ছাত্র-জনতার আন্দোলন দমনের উদ্দেশ্যে হত্যাসহ অপরাপর গুরুতর অপরাধ সংঘটিত হয়। উক্ত অপরাধের অভিযোগে দায়েরকৃত মামলাসমূহের মধ্যে চার্জশীট দাখিলকৃত মামলাসমূহের (আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচারাধীন মামলা ব্যতীত) প্রসিকিউশনের কার্যক্রম সুষ্ঠু ও গতিশীল করার জন্য সরকার নিম্নরুপ একটি কমিটি গঠন করল:

(১) কমিটি:

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। | সভাপতি |
| ২। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৩। | বাংলাদেশ পুলিশের একজন প্রতিনিধি (ডিআইজি পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৪। | জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন কর্তৃক মনোনীত শহীদ পরিবারের একজন সদস্য | সদস্য |
| ৫। | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন মানবাধিকার কর্মী | সদস্য |
| ৬। | জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন কর্তৃক মনোনীত একজন আইনজীবী | সদস্য |
| ৭। | উপ-সলিসিটর, জিপি-পিপি অধিশাখা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। | সদস্য-সচিব |

(২) কমিটির কার্যপরিধি :

(ক) কমিটি জুলাই গণঅভ্যুত্থানকালে দেশব্যাপী চলমান ছাত্র-জনতার আন্দোলন দমনের উদ্দেশ্যে সংঘটিত হত্যাসহ অপরাপর গুরুতর অপরাধের অভিযোগে দায়েরকৃত মামলার পূর্ণাঙ্গ তালিকা সংগ্রহ করবে (মামলার বর্তমান পর্যায় উল্লেখসহ)।

(খ) এরূপ মামলার মধ্যে যেসব মামলায় চার্জশীট দাখিল হয়েছে সেসব মামলায় (আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচারাধীন মামলা ব্যতীত) প্রসিকিউশনের কার্যক্রম পরিচালনায় বিদ্যমান সমস্যা চিহ্নিত করবে (যদি থাকে) এবং উক্ত সমস্যা নিরসনের লক্ষ্যে কমিটি প্রয়োজনীয় সুপারিশ সরকারের নিকট প্রেরণ করবে।

(গ) কমিটি ইহার কার্যক্রম বিষয়ে ভূক্তভোগী পরিবার ও দেশবাসীকে সময়ে সময়ে অবহিত করবে।

(ঘ) মামলার ভিকটিম ও সাক্ষীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য কমিটি প্রয়োজনীয় সুপারিশ সরকারের নিকট প্রেরণ করবে।

(মোঃ বুলবুল হোসেন) ০৭/৯/২০২৫
উপসচিব (প্রশাসন-২)
secretary@lawjusticediv.gov.bd
ফোন: ৫৫১০১১৩৮

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিরতণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বারাষ্ট্র মন্ত্রণালয়।
২. ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৩. জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ..........................................(সকল)।
৪. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট.................... (সকল)।
৫. প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, ঢাকা।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জুলাই স্মৃতি ফাউন্ডেশন, ঢাকা।
৭. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৮. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৯. পাবলিক প্রসিকিউটর.........................................................................(সকল)।
১০. উপ-নিয়ন্ত্রক, বিজি প্রেস, ঢাকা (বাংলাদেশ গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
১১. পাবলিক রিলেশন অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১২. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. অফিস কপি।